37

দৈনিক বাংলা

তারিখ 15 AUG 1995
পৃষ্ঠা ৭ কলাম ৬

# ঢাকা ভার্সিটি ডীন নির্বাচন ঃ সাদা প্যানেল বিজয়ী

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** ঢাকা বিশ্ববিদ্যালয় ডীন নির্বাচনে বিএনপি সমর্থিত সাদা প্যানেল বিপুল বিজয় লাভ করেছে। (৮–এর পৃঃ ৭–এর কঃ দ্রঃ)

## ঢাকা ভার্সিটি ডীন নির্বাচন

(প্রথম পৃষ্ঠার পর)

সোমবার অনুষ্ঠিত ৬টি অনুষদের ডীন নির্বাচনে বিএনপি সমর্থিত সাদা প্যানেল ৪টি অনুষদে বিপুল ভোটে বিজয় অর্জন করে। অন্যদিকে আওয়ামী লীগ সমর্থিত নীল প্যানেল একটি অনুষদে সমসংখ্যক ভোট পেয়ে পরে টসে জয়লাভ করেছে। এছাড়া 'স্বতন্ত্র ধারা' থেকে দর্শন বিভাগের প্রফেসর আমিনুল ইসলাম ১টি অনুষদে জয়লাভ করেছেন।

বিএনপি সমর্থিত সাদা প্যানেলের বিজয়ী প্রার্থীরা হচ্ছেন জীববিজ্ঞান অনুষদের প্রফেসর সুলতান হোসেন। তিনি ১০৩ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী আওয়ামী লীগ সমর্থিত নীল প্যানেলের প্রফেসর শাহাদাত আলী পেয়েছেন ৬৫ ভোট। বিজ্ঞান অনুষদে সাদা প্যানেলের প্রফেসর শফি চৌধুরী ১১৫ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী নীল প্যানেলের প্রফেসর সুলতানা শফি পেয়েছেন ৭১ ভোট। সামাজিক বিজ্ঞান অনুষদে সাদা প্যানেলের প্রফেসর আসাদুজ্জামান নির্বাচিত হয়েছেন ৪২ ভোট পেয়ে। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী নীল প্যানেলের প্রফেসর মোস্তফা চৌধুরী পেয়েছেন ৩৯ ভোট। এই অনুষদে 'স্বতন্ত্র ধারা' গোলাপী প্যানেল থেকে প্রফেসর নজরুল ইসলাম পেয়েছেন ৩১ ভোট।

বিজনেস স্টাডিজ অনুষদ থেকে নির্বাচিত বিএনপি সমর্থিত সাদা প্যানেলের প্রফেসর মঈনুদ্দীন খান পেয়েছেন ৪১ ভোট। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী নীল প্যানেলের প্রফেসর আবুল হাসেম পেয়েছেন ৩৩ ভোট। এই অনুষদে 'স্বতন্ত্র ধারা' গোলাপী থেকে প্রফেসর আবুল কালাম আজাদ পেয়েছেন ২১ ভোট।

স্বতন্ত্র ধারা গোলাপী প্যানেল থেকে একমাত্র বিজয়ী কলা অনুষদের বর্তমান ডীন দর্শন বিভাগের প্রফেসর আমিনুল ইসলাম ভোট পেয়েছেন ৮১টি তার নিকটতম প্রতিদ্বন্দ্বী সাদা প্যানেলের প্রফেসর আবুল কালাম মনজুর মোর্শেদ পেয়েছেন ৪০ ভোট। এই অনুষদে তৃতীয় ও শেষ অবস্থানে রয়েছেন আওয়ামী লীগ সমর্থিত নীল প্যানেলের কলা অনুষদের আহবায়ক প্রফেসর রাজীব হুমায়ুন। তিনি ভোট পেয়েছেন মাত্র ৩৬টি।

সদ্য ঘোষিত ফার্মেসী অনুষদে সাদা প্যানেলের প্রফেসর নুরুন নাহার রহমান ও আওয়ামী লীগের উপদেষ্টা মণ্ডলীর সদস্য প্রফেসর এ কে আজাদ চৌধুরী সমসংখ্যক ১০ ভোট পান। পরে নির্বাচন পরিচালনা কমিটি ভাগ্য নির্ধারণী টস করেন। তাতে এ কে আজাদ চৌধুরী বিজয়ী হন।

জানা গেছে, ১৯৭৩ সালের অধ্যাদেশ অনুযায়ী ডীন নির্বাচনে সমসংখ্যক ভোট পেলে টসে জয় পরাজয় নির্ধারণ করার কথা রয়েছে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের মোট ৭টি অনুষদের অপর অনুষদ আইনে বিএনপি সমর্থিত সাদা প্যানেলের প্রফেসর এরশাদুল বারী বিনা প্রতিদ্বন্দ্বিতায় আগেই নির্বাচিত হয়েছেন। সব মিলিয়ে সাদা প্যানেল ৭টি অনুষদের মধ্যে ৫টিতে ডীন নির্বাচিত হয়েছে।

গতকাল নির্বাচনের ফল ঘোষণার পর কলা অনুষদের পুনঃনির্বাচিত ডীন প্রফেসর আমিনুল ইসলাম তার বাসভবনে সংবাদিকদের জানান, তিনি বাম সংগঠন থেকে নির্বাচিত হননি। তিনি কোন রাজনীতি করেন না। একজন সৎ নিরপেক্ষ শিক্ষক হিসাবে তিনি 'স্বতন্ত্র ধারা' থেকে বিজয়ী হয়েছেন।

সর্বমোট ভোট পড়েছে ৭৩৮টি। এর মধ্যে কলা অনুষদে ১৫৭, সামাজিক বিজ্ঞানে ১২২, বিজনেস স্টাডিজ অনুষদে ৯৫, বিজ্ঞান অনুষদে ১৮৬, জীববিজ্ঞান অনুষদে ১৬৮ এবং ফার্মেসীতে ২০টি।

বিজ্ঞান ও জীববিজ্ঞান অনুষদে গার্হস্থ্য অর্থনীতি কলেজের ২০ জন শিক্ষক ভোট প্রদান করেছেন। গোলাপী প্যানেল বিজ্ঞান ও জীববিজ্ঞান এবং ফার্মেসীতে কোন প্রার্থী দেয়নি।

সকাল ৯টা থেকে দুপুর ১টা পর্যন্ত টিএসসি ক্যাফেটেরিয়ায় শান্তিপূর্ণভাবে ভোট অনুষ্ঠিত হয়। দুটোর দিকে নির্বাচনের ফল ঘোষণা করা হয়। নির্বাচন পরিচালনা করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মোঃ আবু জায়েদ সিকদার ও কোষাধ্যক্ষ প্রফেসর মোঃ শামসুল হক।